



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY
পরীক্ষা বিভাগ, গাজীপুর-১৭০৫।

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



স্মারক: বাউবি/পরীক্ষা/এসএসসি/০১/৯৬/১০২১৭

তারিখ: ০৯/০৯/২০২১ খ্রি:

আঞ্চলিক পরিচালক

আঞ্চলিক কেন্দ্র (সকল)

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

বিষয় : রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ শিক্ষার্থীদের DeNovo রেজিস্ট্রেশনের ফি জমাদানের তারিখ পুনঃনির্ধারণ প্রসঙ্গে।

জনাব

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল এর ৫৮তম সভার সিদ্ধান্ত মোতাবেক রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ শিক্ষার্থীদের বিশেষ বিবেচনায় পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে-


ক) এসএসসি প্রোগ্রামের ১২ ব্যাচের রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ যে সকল শিক্ষার্থী সংশ্লিষ্ট প্রোগ্রামের ৭০% কোর্স/বিষয় সম্পন্ন করেছে, কেবলমাত্র সে সকল শিক্ষার্থী শেষবারের মত অবশিষ্ট কোর্স/DeNovo রেজিস্ট্রেশনের মাধ্যমে আসন্ন এসএসসি পরীক্ষা-২০২১ এ অংশগ্রহণ করতে পারবে।

খ) ১৩ ব্যাচের শিক্ষার্থীদের এসএসসি পরীক্ষা-২০২০ এ পরীক্ষায় রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হয়েছে। ১৩ ব্যাচের যে সকল শিক্ষার্থী সংশ্লিষ্ট প্রোগ্রামের ৭০% কোর্স/বিষয় সম্পন্ন করেছে, সে সকল শিক্ষার্থী একাডেমিক কাউন্সিলের ৫৮তম সভার সিদ্ধান্ত-২ অনুযায়ী DeNovo রেজিস্ট্রেশন করে এসএসসি পরীক্ষা-২০২১ ও এস.এস.সি পরীক্ষা-২০২২ এ অংশগ্রহণের সুযোগ পাবে।

উল্লিখিত ক ও খ এর শিক্ষার্থীবৃন্দকে এসএসসি পরীক্ষা-২০২১ এর জন্য আগামী ২০/০৯/২০২১ (রাত ১১:৫৯ পর্যন্ত) তারিখ পর্যন্ত কোর্স প্রতি DeNovo/ পুনঃ রেজিস্ট্রেশন ফি বাবদ ৮৩০/- টাকা এবং নম্বরপত্র ফি, সনদপত্র ফি, প্রশংসাপত্র ফি এবং একাডেমিক ক্যালেন্ডার ফি ৭০০/- টাকা অন-লাইনে নগদ এর মাধ্যমে জমা দিতে হবে। DeNovo সংক্রান্ত আবেদন exam.bou.ac.bd এই ওয়েব সাইটের “পুনঃনিরীক্ষণ ও পুনঃপরীক্ষা” লিংকে পাওয়া যাবে।

রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ শিক্ষার্থীদের DeNovo রেজিস্ট্রেশন করে পুনঃপরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদানের বিষয়টি সকল উপ-আঞ্চলিক কেন্দ্র, সকল স্টাডি সেন্টারকে অবহিত করার জন্য অনুরোধ জানানো হলো।

ধন্যবাদসহ।


পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

বিতরণ: কার্যার্থে

১। পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি।

✓ ২। সিস্টেম ম্যানেজার/পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), কম্পিউটার বিভাগ, বাউবি (প্রতি বাউবির ওয়েব সাইটে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হল)।

৩। প্রোগ্রামার, কম্পিউটার ইউনিট, পরীক্ষা বিভাগ, বাউবি।

অনুলিপি : সদয় অবগতি জন্য

১। ডিন, ওপেন স্কুল, বাউবি।

২। একান্ত সচিব, উপাচার্যেও দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩। সংরক্ষণ নথি।

